**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মহাকুম্ভকে ঐক্যের মহাযজ্ঞ হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন্তব্য করেছেন যে ভারত তার ঐতিহ্যের জন্য গর্বিত এবং নতুন শক্তি নিয়ে এগিয়ে চলেছে ।**

**(২) আগামীকাল আগরতলায় ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪তম বৈঠক অনুষ্ঠিত হবে ।**

**(৩) মাদক বিরোধী অভিযানে দুই দিনে রাজ্যে ২৪ কোটি টাকা মূল্যের ২ লক্ষ ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে ।**

**(৪) টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা দুদিন বন্ধ থাকার পর আজ পুনরায় শুরু হয়েছে ।**

***********************************************

**PM, Mahakumbh :**

মহাকুম্ভকে ঐক্যের মহাযজ্ঞ হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন্তব্য করেছেন যে ভারত তার ঐতিহ্যের জন্য গর্বিত এবং নতুন শক্তি নিয়ে এগিয়ে চলেছে। প্রধানমন্ত্রী প্রয়াগরাজে মহাকুম্ভের সাফল্যের প্রশংসা করে বলেছেন যে এটি আধুনিক ব্যবস্থাপনা পেশাদার, পরিকল্পনাকারী এবং নীতি বিশেষজ্ঞদের জন্য অধ্যয়নের বিষয়। তিনি জোর দিয়ে বলেছেন যে বিশ্বের কোথাও এই ধরণের কোনও উদাহরণ নেই এবং ১৪৪ বছর পর, সাধুরা আবারও উন্নত ভারতের জন্য বিকশিত ভারতের একটি নতুন বার্তা দিয়েছেন। শ্রী মোদী আজ শেয়ার করা একটি ব্লগে এই চিন্তাভাবনাগুলি লিখেছেন। তিনি বলেছেন সমগ্র বিশ্ব দেখেছে যে কোটি কোটি মানুষ মহাকুম্ভে সঙ্গমে পবিত্র জলে স্নান করার আনন্দ অনুভব

করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন যে পবিত্র স্নানের পরে অপরিসীম আনন্দ এবং তৃপ্তির সেই মুখগুলি তিনি ভুলতে পারবেন না। মহিলা, বৃদ্ধ, দিব্যাঙ্গ ভাই-বোনেরা - সকলেই সঙ্গমে পৌঁছানোর পথ খুঁজে পেয়েছেন।

******************************

**Jall Sakti Mantrak :**

আগামীকাল আগরতলায় ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪তম বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব ছাড়াও ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং উত্তর-পূর্বাঞ্চলের আট রাজ্য ও উত্তরবঙ্গের জল সম্পদ দপ্তরের মুখ্যবাস্তুকার ও পদস্থ আধিকারীকগণ অংশ গ্রহণ করবেন। আগামীকাল এই বৈঠকে মূলত বন্যা নিয়ন্ত্রন ব্যবস্থা নিয়ে পর্যালোচনা বৈঠক করা হবে বলে জানিয়েছেন রাজ্য সরকারের জল সম্পদ বিভাগের মুখ্যবাস্তুকার সুধন দেববর্মা। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব আজ বিকেলে মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব রাজ্যে জল সরবরাহের প্রকল্প নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

*************************

**Development Meeting-Jolaibari :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার পৌরহিত্যে আজ পিলাক পর্যটক আবাসে জোলাইবাড়ি ব্লক এলাকার উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধান ও ভিলেজ চেয়ারম্যানগণ।

*****************************

**Bikash Debbarma visit :**

উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ ধলাই জেলার গন্ডাতুইসায় জনজাতি ছাত্রছাত্রীদের কয়েকটি হোস্টেল পরিদর্শন করেন। এই

হোস্টেলগুলিতে ছাত্রছাত্রীদের থাকা, খাওয়া ও পড়াশুনা সঠিকভাবে হচ্ছে কিনা এবিষয়ে তিনি হোস্টেল সুপারদের কাছ থেকে খোঁজ খবর নেন।

***************************

**Lake Chowmohani Bazar :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, লেইক চৌমুহনী বাজারে আজ এক অভিযান চালিয়ে পুর নিগম প্রায় ১০০টি অবৈধ দোকান উচ্ছেদ করেছে। ব্যবসায়ীদের আশ্বস্ত করা হয়েছে, তাদের ব্যবসা করার জন্য আগামী ১ মাসের মধ্যে বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। জনস্বার্থে বাজারটিকে সুন্দর করে সাজিয়ে তোলা এম্বুলেন্স এবং দমকলের গাড়ি যাতে বাজারের মধ্য দিয়ে সহজে চলাচল করতে পারে সে উদ্দেশ্যে আজ উচ্ছেদ অভিযান করা হয়েছে। শ্রী মজুমদার বলেন, বাজারে বেআইনীভাবে জায়গা দখল করে কাউকে ব্যবসা করতে দেওয়া হবে না।

এদিকে, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আজ লেইক চৌমুহনি বাজারটি পরিদর্শনে যান। তিনি সাংবাদিকদের বলেন, এই উচ্ছেদ অভিযান সম্পূর্ণ অমানবিক। লেইক চৌমুহনী বাজারে যাদের উচ্ছেদ করা হয়েছে তারা সকলেই গরিব নিম্নবিত্ত পরিবারের পুর্নবাসনের কোনো ব্যবস্থা না করেই বুলডোজার চালিয়ে দোকানপাট গুড়িয়ে দেওয়া ঠিক হয়নি।

****************************

**Third Gender Person :**

তৃতীয় লিঙ্গের মানুষের অধিকার ও তাদের মর্যাদা প্রদান করা নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে আজ কুমারঘাটে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আইসিডিএস প্রজেক্টের উদ্যোগে অনুষ্ঠিত এই আলোচনাচক্রের উদ্বোধন করেন কুমারঘাট পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। তিনি বলেন, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের অধিকার ও সরকারি সুবিধাগুলি তাদের যথাযথভাবে প্রদান করতে বর্তমান সরকার সচেষ্ট। সরকারি সুযোগ সুবিধা পাওয়ার ক্ষেত্রে এই অংশের মানুষদেরও সচেতন হতে তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি ত্রিপুরা থার্ড জেন্ডার ওয়েলফেয়ার বোর্ডের সদস্যা তথা স্বাভিমান-এর সভানেত্রী স্নেহা গুপ্তা রায় ট্রান্সজেন্ডার প্রোটেকশন অ্যাক্ট ২০১৯-২০-এর বিষয় নিয়ে আলোচনা করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Assam Rifles :**

আসাম রাইফেলস, কাস্টমস এবং ডিআরআই-এর যৌথ মাদক বিরোধী অভিযানে দুই দিনে রাজ্যে ২৪ কোটি টাকা মূল্যের ২ লক্ষ ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। আজ আসাম রাইফেলস পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, গতকাল আমবাসায় শতাব্দী এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালিয়ে ১ লক্ষ ৫০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। যার আন্তর্জাতিক বাজার মূল্য ১৫ কোটি টাকা। আজ শিলং থেকে আসা সিমেন্ট বোঝাই লরিতে তল্লাশি চালিয়ে ৯ কোটি টাকা মূল্যের ৯০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। আসাম রাইফেলস চলতি বছরে এখন পর্যন্ত

রাজ্যে মাদক বিরোধী ২১টি অভিযানে সাফল্য পেয়েছে। এই অভিযানে ৯৫ কোটি ৫৬ লক্ষ টাকার মাদক উদ্ধার করা হয়েছে।

**************************

**State Level Biju Festival :**

৫১তম রাজ্যভিত্তিক বিজু মেলা ও উৎসব এবার ছাওমনু বিজু মেলা মাঠে অনুষ্ঠিত হবে। ৫ দিনব্যাপী এই উৎসব শুরু হবে আগামী ১৩ই এপ্রিল। আজ লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস, বিধায়ক শম্ভুলাল চাকমা প্রমুখ।

*************************

**BJP :**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ দলের এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, কৃষিমন্ত্রী রতনলাল নাথ ও নবনির্বাচিত জেলা সভাপতিগণ।

************************

**Blood Donation :**

পশ্চিম জেলার আনন্দনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আজ রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। শিবিরে মোট ৫৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Legal Awareness Programme :**

দক্ষিণ জেলা আইনী সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জোলাইবাড়ি ব্লকের কলসী ভিলেজে এক আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মোটর

যান আইন ১৯৮৮, বয়স্ক নাগরিকদের আইনি পরিষেবা প্রকল্প - ২০১৬ সম্পর্কে আলোচনা করেন প্রবীণ আইনজীবী দিব্যেন্দু সেন।

****************************

**Civic Action-BSF :**

বি.এস.এফ এর ১৯৯নং ব্যাটেলিয়নের উদ্যোগে আজ কৈলাশহরের গোলকপুর স্কুল মাঠে জনসংযোগ কর্মসূচি তথা সিভিক একশন কার্যক্রম অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, বি.এস.এফের পানিসাগরের সেক্টর কমান্ডেন্ট বসন্ত কুমার কৌরব, ১৯৯ নং ব্যাটেলিয়নের কমান্ডেন্ট ডক্টর অমিত ভাটুলা। ছয়টি স্কুল ও বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে তিন লক্ষ টাকার নানা সামগ্রী বিতরণ করা হয়। এরমধ্যে ছিল, স্কুল ব্যাগ, ভলিবল, ফুটবল, ক্রিকেট সেট, জলের ট্যাঙ্ক, ওজন মাপার মেশিন, চেয়ার-টেবিল ইত্যাদি। তাছাড়া স্বাস্থ্য শিবিরে রোগিদের চিকিৎসা করে প্রায় পঞ্চাশ হাজার টাকার ঔষধপত্র বিতরণ করা হয়। বি.এস.এফ-এর সেক্টর কমান্ডেন্ট বসন্ত কুমার কৌরব সাংবাদিকদের জানান, সীমান্তবাসী ও সীমান্ত রক্ষী বাহিনীর মধ্যে সম্পর্ককে আরো নিবিড় করার লক্ষ্যেই এধরনের কর্মসূচির আয়োজন।

*****************************

**B/D National Detained :**

কৈলাশহরের শ্রীরামপুর ব্রীজ সংলগ্ন এলাকা থেকে B.S.F আজ দুপুরে তেরোজন বাংলাদেশী নাগরিক'কে আটক করেছে। এদের বাড়ি বাংলাদেশের মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলায়। তাছাড়া আটক করা হয়েছে, দুজন সন্দেহভাজন ভারতীয় পাচারকারী।

****************************

**YTF :**

তিপ্রা মথার যুব সংগঠন ওয়াই.টি.এফ-এর দুইদিনব্যাপী প্লেনারি অধিবেশন আজ থেকে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শুরু হয়েছে। এর আগে আগরতলার আস্তাবল ময়দান থেকে ওয়াই.টি.এফ-এর উদ্যোগে একটি

মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রবীন্দ্রভবনে গিয়ে শেষ হয়। প্লেনারি অধিবেশনে এমডিসি প্রদ্যোৎ কিশোর দেববর্মণ বক্তব্য রাখতে গিয়ে তিপ্রাসাদের অধিকার সুরক্ষিত রাখার উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত ছিলেন তিপরা মথার সভাপতি বিজয় কুমার রাংখল ও অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**Seminar :**

ত্রিপুরা চটকল শ্রমিক ইউনিয়ন এবং ত্রিপুরা জুট মিল পেনশনার্স ওয়েলফেয়ার সোসাইটির যৌথ উদ্যোগে আজ আগরতলায় এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে পেনশন সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করেন ত্রিপুরা জুট মিল পেনশনার্স ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি তরুণ চক্রবর্তী এবং সম্পাদক ধনমনি সিনহা।

***********************

**CITU :**

ইট ভাটা শ্রমিক ইউনিয়নের রাজ্য কমিটির পক্ষ থেকে আজ অতিরিক্ত শ্রম কমিশনার বিশ্বজিৎ পালের কাছে অভিযোগ করা হয়েছে, রাজ্যের কয়েকটি ইটভাটায় শ্রমিকদের উপর একাংশ মালিক অমানবিক আচরণ করছে। তা বন্ধের জন্য উপযুক্ত পদক্ষেপ নেবার জন্য ইউনিয়নের পক্ষ থেকে শ্রম কমিশনারের কাছে দাবি জানানো হয়।

*****************************

**Super Division Cricket :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা দুদিন বন্ধ থাকার পর আজ পুনরায় শুরু হয়েছে। এদিন মোট তিনটি ম্যাচ হয়। এতে নরসিংগড়ের টিআইটি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৬১ রানে সংহতি ক্লাবকে, মেলাঘরের মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং এম বি বি স্টেডিয়ামে ব্লাডমাউথ ক্লাব ৭ উইকেটে হার্ভে ক্লাবকে পরাজিত করে।

****************************

**State-wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ ৫টি খেলা হয়। এতে তেলিয়ামুড়ার মাঠে জিরানীয়া ১১০ রানে আমবাসাকে, ধর্মনগরের মাঠে কৈলাসহর ৩৪ রানে তেলিয়ামুড়াকে, সাব্রুমের মাঠে শান্তিরবাজার ৩ উইকেটে অমরপুরকে এবং কৈলাসহরের মাঠে লংতরাইভ্যালী ২৭ রানে কমলপুরকে পরাজিত করে। শান্তিরবাজারের মাঠে বিলোনীয়া ও সাব্রুমের খেলাটি টাই হয়।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.২ ডিগ্রি সেলসিয়াস।

*************************